



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফেনী সরকারি কলেজ, ফেনী

EIIN : ১০৬৬৪২
ই-মেইল : fenigovcollege@yahoo.com
ওয়েব সাইট : www.fgc.gov.bd

স্মারক নং-ফেসক/২২৭

তারিখ : ১০/০৯/২০২০ খ্রি.

সংশোধিত বিজ্ঞপ্তি

২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির বিজ্ঞপ্তি

২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য নির্বাচিত ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, তাদের সকল বিভাগের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম “স্বাস্থ্যবিধি ও সামাজিক দূরত্ব” মেনে নির্ধারিত বুথে ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র ও MICR পে-অর্ডার জমা দিয়ে ভর্তি সম্পন্ন করতে হবে।

ভর্তির সময়সূচি ও প্রয়োজনীয় ফি- এর বিবরণ নিম্নরূপ :

ভর্তির তারিখ	শাখা	ছাত্র	ছাত্রী	সময়
১৪/০৯/২০২০	বিজ্ঞান	২৪১৭/-	২১৭৭/-	সকাল ৯.০০ টা থেকে দুপুর ২.০০ টা পর্যন্ত
১৫/০৯/২০২০	ব্যবসায় শিক্ষা	২৩১৭/-	২০৭৭/-	
১৬/০৯/২০২০	মানবিক	২৩১৭/-	২০৭৭/-	

ক) যারা ২০২০ সালের পূর্বে এস.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদেরকে মূল টাকার সাথে পাঠ বিরতি ফি বাবদ আরও ১৫০(একশত পঞ্চাশ) টাকা যোগ করতে হবে।

ভর্তির সময় সঙ্গে আনতে হবে :

- ১) অনলাইনে ২০০/- টাকা জমা দিয়ে ভর্তি নিশ্চয়নের প্রমাণপত্র এবং কলেজ ওয়েব সাইট www.fgc.gov.bd থেকে বিভাগ অনুযায়ী ডাউনলোডকৃত ভর্তিফরম স্বহস্তে পূরণ করে নিয়ে আসতে হবে।
- ২) নির্বাচিত শিক্ষার্থীর প্রিন্টকৃত স্লিপ অথবা এসএমএস(মোবাইল) এর মাধ্যমে প্রাপ্ত ফলাফল প্রদর্শন করতে হবে।
- ৩) মূল প্রশংসাপত্র ও মূল ট্রান্সক্রিপ্ট এর ২টি সত্যায়িত ফটোকপি (লেমিনেটিং গ্রহণযোগ্য নয়)।
- ৪) ছবি : ছাত্রদের পাসপোর্ট সাইজের ছবি ৪ কপি ও স্ট্যাম্প সাইজের ১ কপি (রজিন) এবং ছাত্রীদের পাসপোর্ট সাইজের ৬) কপি ও স্ট্যাম্প সাইজের ১ কপি (রজিন)। ছবির পিছনে ছাত্র/ ছাত্রীর নাম ও বিভাগ (গ্রুপ) অবশ্যই লিখতে হবে। এক কপি পাসপোর্ট সাইজ ছবি ভর্তি ফরমের যথাস্থানে আঠা দিয়ে লাগাতে হবে।
- ৫) ১২"× ১০" সাইজের ১ টি খাম যার উপরে নাম, পিতার নাম, মাতার নাম, মেধাক্রম, মোবাইল নম্বর ও বর্তমান ঠিকানা লিখতে হবে।
- ৬) ভর্তির জন্য নির্ধারিত ফি “অধ্যক্ষ, ফেনী সরকারি কলেজ” বরাবর MICR পে-অর্ডার/ডিডি এর মাধ্যমে জমা দিতে হবে। পে-অর্ডার/ডিডি সোনালী ব্যাংক এর যেকোন শাখা থেকে সংগ্রহ করতে হবে। ব্যাংক এর জটিলতা এড়ানোর জন্য যারা ফেনী সরকারি কলেজে ভর্তির জন্য মনোনীত হয়েছে তাদেরকে অবশ্যই ভর্তির নির্ধারিত তারিখ এর পূর্বে MICR পে-অর্ডার/ডিডি সংগ্রহ করার জন্য নির্দেশ দেওয়া গেল।
- ৭) মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে ভর্তির পূর্বে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত মূল সনদপত্র (২টি ফটোকপিসহ) দাখিল করতে হবে। প্রয়োজ্য ক্ষেত্রে ওয়ারিশ সার্টিফিকেট জমা দিতে হবে।

[বি: দ্র : - ছাত্রছাত্রীদের প্রশংসাপত্র ও ট্রান্সক্রিপ্ট এর অন্তত ২ সেট ফটোকপি ভবিষ্যত প্রয়োজনে নিজের কাছে রাখার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।]

একাদশ শ্রেণির বিভাগ ভিত্তিক বিষয়সমূহ :

বিভাগ	আবশ্যিক বিষয়সমূহ	গ্রুপ বিষয়	ঐচ্ছিক বিষয়
মানবিক	বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	ইসলামের ইতিহাস অথবা ইতিহাস, সমাজকর্ম, পৌরনীতি, অর্থনীতি ও যুক্তিবিদ্যা (যে কোন ০৩ টি বিষয় ঐচ্ছিক ব্যতীত)	ইসলামের ইতিহাস অথবা ইতিহাস, সমাজকর্ম, পৌরনীতি, অর্থনীতি ও যুক্তিবিদ্যা (যে কোন ০১ টি)
ব্যবসায় শিক্ষা	বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	হিসাববিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, ফিন্যান্স ব্যাংকিং ও বিমা	অর্থনীতি, পরিসংখ্যান (যে কোন ০১ টি)
বিজ্ঞান	বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	পদার্থ, রসায়ন, জীববিদ্যা, গণিত (যে কোন ০৩ টি বিষয় ঐচ্ছিক ব্যতীত)	জীববিদ্যা, গণিত (যে কোন ০১ টি)

- * ভর্তির কক্ষে প্রবেশ এর পূর্বে ভর্তির তথ্য কেন্দ্র (মূল গেইট) হতে প্রত্যেক শিক্ষার্থীকে নিজ নিজ মেধাক্রম জেনে নিতে হবে।
- * ভর্তিচ্ছুক প্রত্যেক শিক্ষার্থীকে অবশ্যই মাস্ক পরিধান করে আসতে হবে এবং বহনযোগ্য হ্যান্ডস্যানিটাইজার সঙ্গে আনতে হবে।
- * সামাজিক বা শারীরিক দূরত্ব বজায় রাখতে পরস্পরকে কমপক্ষে ৩ ফুট দূরত্বে অবস্থান করতে হবে।
- * শ্রেণি কার্যক্রম আরম্ভ হলে ছাত্রছাত্রীকে অবশ্যই কলেজ নির্ধারিত ইউনিফর্ম পরিধান করে শ্রেণি কক্ষে প্রবেশ করতে হবে।
- * কোন অভিভাবক শিক্ষার্থীর সাথে ভর্তির দিন কলেজের ভিতরে প্রবেশ না করার জন্য অনুরোধ করা হল।

১০.০৯.২০২০

অধ্যক্ষ

ফেনী সরকারি কলেজ, ফেনী